দৈনিক বাংলা

তারিখ 25 DEC 1987
পৃষ্ঠা 11 কলাম 4

13

# জানুয়ারীতে ঢাকায় শিক্ষক মহাসম্মেলন

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে আগামী মাসের শেষ সপ্তাহে ঢাকায় এক শিক্ষক মহাসম্মেলন অনুষ্ঠিত হবে। খবর বাসসর।

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ সম্মেলনে প্রধান অতিথি এবং শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বিশেষ অতিথি থাকবেন।

গতকাল ফেডারেশন নেতাদের এক বিবৃতিতে বলা হয়, সকল মহলের কাছে গ্রহণযোগ্য একটি নির্বাচনী তফসিল ঠিক করতে প্রেসিডেন্ট এরশাদ যে সংলাপ ও আলাপ-আলোচনার প্রস্তাব দিয়েছেন, সব বিরোধী দল ও মহলের তাতে সাড়া দেয়া উচিত।

বিবৃতিতে স্বাক্ষর দিয়েছেন, যুগ্ম মহাসচিব এ কে এম আলী রেজা, যুগ্ম মহাসচিব মোহাম্মদ শহীদুর রহমান, যুগ্ম মহাসচিব শেখ আমানউল্লাহ, জাতীয় কমিটির সদস্য আলী আকবর খান, সদস্য আমিনউল্লাহ, যুগ্ম মহাসচিব একে এম শহীদুল্লাহ, সাংগঠনিক সম্পাদক খন্দকার নাসিরুদ্দিন জাতীয় কমিটি সদস্য অধ্যাপক আবদুল হক, জাতীয় কমিটি সদস্য এম এ লতিফ এবং জাতীয় কমিটি সদস্য মোফাজ্জল হোসেন খান।